

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

www.sreemangal.moulvibazar.gov.bd

ফৌজদারী কার্যবিধির'র ১৪৪ ধারা জারীর বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৪ নভেম্বর ২০২১ তারিখ হতে ২০২১ সনের এস.এস. সি/দাখিল পরীক্ষা (০১) শ্রীমঙ্গল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্র, ভেনু-উদয়ন বালিকা উচ্চ বিদ্যালয়, মনাই উল্যাহ আদর্শ উচ্চ বিদ্যালয়; (০২) ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয় কেন্দ্র, ভেনু- দি বাডস রেসিডেনসিয়্যাল মডেল স্কুল এন্ড কলেজ, শ্রীমঙ্গল; (৩) ভূনবীর দশরথ উচ্চ বিদ্যালয় ও কলেজ কেন্দ্র; ভেনু- ভিমসী সরকারী প্রাথমিক বিদ্যালয় এবং (৪) আনোয়ারুল উলুম ফাজিল মাদ্রাসা কেন্দ্র শ্রীমঙ্গলে অনুষ্ঠিত হবে।

যেহেতু নিম্ন-স্বাক্ষরকারীর নিকট প্রতীতি জন্মেছে যে, পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষাকেন্দ্রের চারপাশে আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার সমূহ আশংকা দেখা দিতে পারে এবং পরীক্ষা কাজে বিঘ্ন সৃষ্টি হতে পারে; সেহেতু উপরোক্ত কারণে পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের স্বার্থে আইন শৃঙ্খলা রক্ষার প্রয়োজনে ফৌজদারী কার্যবিধির'র ১৪৪ ধারা মতে কতিপয় ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারীর প্রয়োজন মর্মে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতীয়মান হয়।

সেহেতু, এ ক্ষেত্রে আমি নজরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, শ্রীমঙ্গল, মৌলভীবাজার ফৌজদারী কার্যবিধির'র ১৪৪ ধারা অনুযায়ী আমার উপর অর্পিত মতাবলে উপরোক্ত পরীক্ষাকেন্দ্রের ২০০ গজ ব্যাসার্ধের মধ্যে পরীক্ষা চলাকালীন দিন ও সময়ে সকাল ৯.০০ ঘটিকা হতে পরীক্ষা চলাকালীন সময় পর্যন্ত পরীক্ষার্থী, পরীক্ষাকেন্দ্র পরিচালনার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও আইন প্রয়োগকারী সংস্থার সদস্যগণ ছাড়া পাঁচ বা ততোধিক ব্যক্তির একত্রে চলাফেরা, সকল প্রকার সভা-সমাবেশ, মিছিল, জটলা, শোভাযাত্রা, আগ্নেয়াস্ত্র বহন, লাঠিসোটা বহন, শব্দযন্ত্র ব্যবহার, মোবাইল ফোন ব্যবহার, ইট-পাটকেল নিষেধাজ্ঞা পূরণ-চিৎকার করা, শ্লোগান, মাইকিং এবং ফটোকপিয়ারের ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করলাম। তবে এ আদেশ পরীক্ষাকেন্দ্রের ২০০ গজ দূরত্বের মধ্যে বসবাসরত স্থানীয় বাসিন্দাদের স্বাভাবিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রযোজ্য হবে না। এ আদেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগভাবে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আমার স্বাক্ষর ও সীল মোহর দ্বারা অদ্য ১০/১১/২০২১ তারিখ এ আদেশ প্রদত্ত হল।

(নজরুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
উপজেলা নির্বাহী ম্যাজিস্ট্রেট
শ্রীমঙ্গল, মৌলভীবাজার
ফোনঃ ০৮৬২৬-৭২৪৪৪

স্মারক নং : ০৫.৪৬.৫৮৮৩.০০৪.০৪.০০.০০৩.১৬.

নভেম্বর ২০২১

কার্তিক ১৪২৮

অনুলিপি:-সদয় অবগতির জন্য।

০১। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার।

০২। পুলিশ সুপার, মৌলভীবাজার।

বিতরণ:- কার্যার্থে।

০১। অফিসার ইনচার্জ, শ্রীমঙ্গল থানা। তাঁকে পরীক্ষাকেন্দ্রে আইন-শৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন এবং উক্ত আদেশ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হল।

তারিখ:

০২। প্রধান শিক্ষক/কেন্দ্র সচিব (সকল কেন্দ্র/ভেন্যু), -----উচ্চ বিদ্যালয়, শ্রীমঙ্গল।
উক্ত আদেশ আগামী ১৩/১১/২০২১ অপরাহ্ন হইতে মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।